কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বর্ষ ৪১ সংখ্যা ৩৩ কলকাতা বুধবার, ১৭ মার্চ ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ৩ চৈত্র ১৪২৭ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি পরীক্ষার
নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৬

## ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্টে ৩০৩

বিভিন্ন পদে ৩০৩ জন কর্মী নিয়োগ করবে ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এম ডি সি)। ছত্তিশগড়ের বাইলাডিলা লৌহ আকরিক খনির কিরন্ডুল ও বাচেলি কমপ্লেক্সে ফিল্ড অ্যাটেন্ড্যান্ট, মেইন্টেন্যান্স অ্যাসিস্ট্যান্ট এবং এম সি ও পদে নিয়োগ করা হবে। প্রথমে দেড় বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৫/২০২১।

**কমপ্লেক্স অনুসারে শূন্যপদ: কিরন্ডুল কমপ্লেক্স:** ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (ট্রেনি): ৩৫টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

মেইন্টেন্যান্স অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) ট্রেনি: ফিটার: ৪০টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **ওয়েল্ডিং:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩)। **মোটর/ডিজেল মেকানিক:** ২৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **অটো ইলেক্ট্রিশিয়ান:** ২টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)।

মেইন্টেন্যান্স অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল) ট্রেনি: ৪৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)।

**এম সি ও গ্রেড-থ্রি (ট্রেনি):** ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২)।

**বাচেলি কমপ্লেক্স:** ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (ট্রেনি): ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৯, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

মেইন্টেন্যান্স অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) ট্রেনি: **ওয়েল্ডিং:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **মোটর/ডিজেল মেকানিক:** ৫৪টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। **মেশিনিস্ট:** ২টি (তফসিলি জাতি ১, ও বি সি ১)। **অটো ইলেক্ট্রিশিয়ান:** ৪টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

মেইন্টেন্যান্স অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল) ট্রেনি: ৩২টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১০, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (ট্রেনি) পদের ক্ষেত্রে ক্লাস এইট পাশ অথবা আই টি আই।

মেইন্টেন্যান্স অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল)-ট্রেনি পদের ক্ষেত্রে ওয়েল্ডিং বা ফিটার বা মেশিনিস্ট বা মোটর মেকানিক বা ডিজেল মেকানিক বা অটো ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে।

*এরপর দুয়ের পাতায়*

## বিহারের কো-অপারেটিভ ব্যাঙ্কে ২০০ অ্যাসিস্ট্যান্ট

অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদে ২০০ জনকে নেবে বিহার স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক। নিয়োগ করা হবে ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক এবং স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিতে। ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৭২৫১।

পশ্চিমবঙ্গের প্রার্থীরা শুধু সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য সংরক্ষিত পদে আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির জন্য সংরক্ষিত ৯৩টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

**শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস):** স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক: ১১টি, ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক: ৮২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে ডিপ্লোমা।

**বয়স:** ১-১-২০২১ তারিখে ২১ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র বিহারে। ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, রিজনিং এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। পরীক্ষা এপ্রিলে। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: রিজনিং, কম্পিউটার নলেজ, জেনারেল

*এরপর দুয়ের পাতায়*

## ফ্রুট আইস ক্যান্ডি তৈরি বা বিক্রি করে নিজের পায়ে দাঁড়ান

আম, জাম, আতা, সবেদা, আনারসের রস থেকে তৈরি হচ্ছে সুস্বাদু ও স্বাস্থ্যকর ফ্রুট আইস ক্যান্ডি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের গবেষণার ফসল। আগ্রহীরা ডিস্ট্রিবিউটরশিপ বা প্রশিক্ষণ নিয়ে ব্যবসা করতে পারেন।

**নিজস্ব প্রতিনিধি:** শাক-সবজি বিশেষ করে ফল খাওয়ায় বড়ই অনীহা ছোটদের। অথচ শরীরে পুষ্টি জোগাতে ফলের বিকল্প নেই। শুধু বাড়ন্ত বাচ্চাদের জন্যই নয়, প্রাপ্তবয়স্কদের জন্যও একই কথা বলতে হয়। ঋতু অনুসারে, আবহাওয়ার প্রকারভেদের সঙ্গে মানিয়ে নিতে আর অসুখ-বিসুখকে ঠেকিয়ে রাখতে মরশুমি ফল অব্যর্থ।

কয়েক বছর আগে সমস্যাগুলো নিয়ে ভাবনাচিন্তা করেছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ। মরশুমি বিভিন্ন ফলের রস জমিয়ে সুস্বাদু ফ্রুট আইস ক্যান্ডি তৈরি করেছিল বিশ্ববিদ্যালয়ের ক্রায়োজেনিক রিসার্চ সেন্টার। গবেষণা এবং ক্যান্ডি তৈরির সামগ্রিক প্রক্রিয়াটির সঙ্গে যুক্ত ছিলেন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট অসীম চট্টোপাধ্যায়।

অবসর নেওয়ার পরও অসীমবাবু ধরে রেখেছেন ফ্রুট আইস ক্যান্ডি তৈরি। নিজের উদ্যোগেই তৈরি করছেন ফলের রসের আইস ক্যান্ডি। নাম— ফ্রুট আইস ক্যান্ডি, 'ফ্রুটস-জি' এই ব্র্যান্ড নামে তা বাজারে পাওয়া যায়।

বিভিন্ন মরশুমি ফলের ক্যান্ডি তৈরির উপরেই জোর দেন অসীমবাবু। আম, জাম, আতা, সবেদা, আনারস, তরমুজ, কলা, কদবেল, করমচা, কামরাঙা— এরকম হরেক ফল, এমনকী ডাবের জলের আইস ক্যান্ডিও তৈরি করছেন তিনি। তাঁর কথায়, বাচ্চাদের ফলের দিকে মুখ ফেরাতেই এই উদ্যোগ, তাই ফল সংগ্রহ, বাছাই এবং তার পরিচ্ছন্ন প্রক্রিয়াকরণের উপর কড়া নজরদারি থাকে। আইস ক্যান্ডি তৈরির জন্য জাম, কামরাঙা, করমচা, আতার মতো গ্রামবাংলার সাধারণ ফলগুলিকে বেছে নেওয়ার পিছনেও আছে বিশেষ ভাবনাচিন্তা ও সতর্কতা। এইসব ফল ফলানোর জন্য রাসায়নিক সার বা কীটনাশক সাধারণত ব্যবহার করা হয় না। সেজন্য ফলের নিজস্ব সব খাদ্যগুণ বজায় থাকে।

### ব্যবসার সুযোগ

আগ্রহীরা ফ্রুট আইস ক্যান্ডি 'ফ্রুটস-জি'র ডিস্ট্রিবিউটরশিপ নিয়ে ব্যবসা করতে পারেন। একটা ডিপ ফ্রিজ থাকতে হবে, যার দাম ২০-২৫ হাজার টাকার মধ্যে। ফলের প্রকার অনুসারে প্রতিটি আইস ক্যান্ডির বিক্রয়মূল্য ২০-২৫ টাকা।

অসীমবাবু জানিয়েছেন, গাড়িতে ২ ঘণ্টার মধ্যে পৌঁছনো যায় এমন দূরত্বে আইস ক্যান্ডি পৌঁছে দেওয়া হবে। তবে সে ক্ষেত্রে অন্তত ১ হাজার আইস ক্যান্ডি নিতে হবে। দূরত্ব আরও বেশি হলে বা ১ হাজারের কম আইস ক্যান্ডি নিলে সে ক্ষেত্রে নিয়ে যেতে হবে নিজেকেই।

### প্রশিক্ষণ

আগ্রহীরা অসীমবাবুর কাছ থেকে ফ্রুট আইস ক্যান্ডি তৈরির প্রশিক্ষণ নিয়ে নিজস্ব



ব্যবসা গড়ে তুলতে পারেন। গোটা সেট-আপের খরচ পড়বে ১০ থেকে ১২ লক্ষ টাকা। ফল সংগ্রহ থেকে মেশিন সেট-আপ, ক্যান্ডি তৈরি থেকে ব্যবসার খুঁটিনাটি সবই হাতে-কলমে শিখিয়ে দেবেন অসীমবাবু।

সামনেই গ্রীষ্মের মরশুম। এ সময়ই ফ্রুট আইস ক্যান্ডি বিপণন বা তৈরির ব্যবসা শুরু করার আদর্শ সময়। অসীমবাবু জানালেন, 'সারা বছর এই আইস ক্যান্ডির ব্যবসা হয় ভালোই। ডিস্ট্রিবিউটররা জানিয়েছেন, একবার ফ্রুটস-জি খেলে অন্য কোম্পানির ক্যান্ডি খেতে চায় না ক্রেতারা। এটা শুনতে সত্যিই ভালো লাগে। দীর্ঘ লকডাউনে প্রোডাকশন বন্ধ থাকার পর এই বছর মার্চ মাসের শেষ থেকে আবার উৎপাদন শুরু হবে। তারপর থেকে যে কেউ ডিস্ট্রিবিউটরশিপ নিতে পারেন'।

এই ফ্রুট আইস ক্যান্ডি আদতে ফলের জমাট বাঁধানো রস। তাই বাচ্চাদের খাওয়ার ব্যাপারে অভিভাবকদের আপত্তির কারণ থাকছে না।

ফ্রুটস-জির ডিস্ট্রিবিউটরশিপ নিয়ে বিক্রি করাই হোক কিংবা প্রশিক্ষণ নিয়ে ফ্রুট আইস ক্যান্ডি উৎপাদনের নিজস্ব পরিকাঠামো গড়ে তুলে উৎপাদন ও বিপণন— পরামর্শ পেতে আগ্রহীরা অসীম চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলতে পারেন এই নম্বরে: ৯৪৩২২-১১৮৬৮। (রাত ৯টা থেকে ১০টার মধ্যে)

## ভারত ডায়নামিক্সে চাকরি

৭০ জন প্রোজেক্ট ইঞ্জিনিয়ার ও প্রোজেক্ট অফিসার নেবে ভারত ডায়নামিক্স। মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, সিভিল, এইচ আর, ফিনান্স-সহ বিভিন্ন শাখা ও বিভাগে প্রার্থীদের নিয়োগ করা হবে সংস্থার তেলঙ্গানা ও অন্ধ্রপ্রদেশের বিভিন্ন ইউনিটে। প্রাথমিক ভাবে এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চার বছর পর্যন্ত চুক্তির মেয়াদ বাড়াতে পারে।

**শূন্যপদের বিন্যাস: প্রোজেক্ট ইঞ্জিনিয়ার:** মোট শূন্যপদ ৫৫টি (মেকানিক্যাল ২৪টি, ইলেক্ট্রনিক্স ২২টি, ইলেক্ট্রিক্যাল ১টি, কম্পিউটার ১টি, সিভিল ৩টি, এস এ পি/ই আর পি নেটওয়ার্ক ৪টি)। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং বা ইন্টিগ্রেটেড এম ই বা এম টেক।

**প্রোজেক্ট অফিসার:** মোট শূন্যপদ ১৫টি (এইচ আর ৭টি, ফিনান্স ৪টি, বিজনেস ডেভেলপমেন্ট ৪টি)। **শিক্ষাগত যোগ্যতা:** হিউম্যান রিসোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) এম বি এ বা এম এস ডব্লু অথবা ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা সমতুল কোর্স পাশ।

ফিনান্সের ক্ষেত্রে সি এ বা আই সি ডব্লু এ অথবা এ আই এম এ স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সমতুল কোর্স পাশ। অথবা মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) এম বি এ (ফিনান্স)।

বিজনেস ডেভেলপমেন্টের ক্ষেত্রে মার্কেটিং বা ফরেন ট্রেড বা সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) এম বি এ।

*এরপর দুয়ের পাতায়*

## জেনারেল ইনশিওরেন্সে অফিসার

৪৪ জন অফিসার নেবে জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (স্কেল-ওয়ান) পদে ফিনান্স, লিগাল, জেনারেল এবং ইনশিওরেন্স শাখায়। প্রবেশন ১ বছরের।

শূন্যপদের বিবরণ: **ফিনান্স-চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস:** ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ার ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে এবং মেম্বারশিপ নম্বর থাকতে হবে।

**জেনারেল:** ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক।

**লিগাল:** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: বার কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক।

**ইনশিওরেন্স:** ১০টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক, সঙ্গে জেনারেল ইনশিওরেন্স বা রিস্ক ম্যানেজমেন্ট বা লাইফ ইনশিওরেন্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা কোর্স পাশ অথবা ফেলো অব ইনশিওরেন্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া বা ফেলোশিপ অব দ্য চার্টার্ড ইনশিওরেন্স ইনস্টিটিউট পেয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-২-২০২১ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩২,৭৯৫-৬২,৩১৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা মে-তে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র আসানসোল, হুগলি, শিলিগুড়ি, কলকাতা এবং বৃহত্তর কলকাতা।

অনলাইন পরীক্ষা নেওয়া হবে তিনটি পার্টে। পার্ট এ-তে প্রশ্ন হবে জেনারেল

*এরপর দুয়ের পাতায়*

# কেন্দ্রীয় সরকারে ৮২২ অফিসার

## সিভিল সার্ভিসেস ও ফরেস্ট সার্ভিস প্রিলিমিনারি এক্সামিনেশন ২৭ জুন

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রশাসনিক বিভাগে ৮২২ জন অফিসার নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করা হবে সিভিল সার্ভিসেস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের মাধ্যমে। উভয় সার্ভিসের জন্যই 'সিভিল সার্ভিসেস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০২১' নেওয়া হবে ২৭ জুন। প্রিলিমিনারি পরীক্ষায় সফলরা সিভিল সার্ভিসেস (মেন) অথবা ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস (মেন) অথবা উভয় পরীক্ষায় বসার জন্যই দরখাস্ত করতে পারবেন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন।

ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস এক্সামিনেশনের বিজ্ঞপ্তি নম্বর: 05/2021-IFoS এবং ইন্ডিয়ান সিভিল সার্ভিসেস এক্সামিনেশনের বিজ্ঞপ্তি নম্বর: 04/2021-CSP.

**শূন্যপদ:** সিভিল সার্ভিসের ক্ষেত্রে ৭১২টি (এর মধ্যে ২২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত) এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে ১১০টি। নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল সার্ভিসের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে এই সব বিষয়গুলির মধ্যে অন্তত একটি বিষয়ে গ্র্যাজুয়েট: অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, বটানি, কেমিস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি। এগ্রিকালচার, ফরেস্ট্রি এবং ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও ফরেস্ট সার্ভিসের জন্য আবেদন করতে পারেন। উভয় সার্ভিসের ক্ষেত্রেই ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**বয়স:** ১-৮-২০২১ তারিখে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। বয়সে তফসিলিরা এবং প্রাক্তন সমরকর্মীরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক ও বৌদ্ধিক প্রতিবন্ধীরা সর্বাধিক ১০ বছরের ছাড় পাবেন।

**পরীক্ষার ধরনধারণ:** উভয় সার্ভিসের প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে দু'টি পেপারে। প্রতিটি পেপারেই ২০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে।

প্রথম পেপারে প্রশ্ন থাকে এই সব বিষয়ে: কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইমপর্ট্যান্স। হিস্ট্রি অব ইন্ডিয়া অ্যান্ড ইন্ডিয়ান ন্যাশনাল মুভমেন্ট। ইন্ডিয়ান অ্যান্ড ওয়ার্ল্ড জিওগ্রাফি— ফিজিক্যাল, সোশ্যাল, ইকনমিক জিওগ্রাফি অব ইন্ডিয়া অ্যান্ড দ্য ওয়ার্ল্ড। ইন্ডিয়ান পোলিটি অ্যান্ড গভর্ন্যান্স— কনস্টিটিউশন, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতি রাজ, পাবলিক পলিসি, রাইটস ইস্যুস প্রভৃতি। ইকনমিক অ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট, সাস্টেইনেবল ডেভেলপমেন্ট, পভার্টি, ইনক্লুশন, ডেমোগ্রাফিক্স, সোশ্যাল সেক্টর ইনিশিয়েটিভস প্রভৃতি। জেনারেল ইস্যুস অন এনভায়রনমেন্টাল ইকোলজি, বায়োডাইভার্সিটি অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ (স্পেশ্যালাইজেশন ব্যতিরেকে)। জেনারেল সায়েন্স। দ্বিতীয় পেপারে থাকে এই সব বিষয়: কমপ্রিহেনশন, ইন্টারপার্সোন্যাল স্কিলস ইনক্লুডিং কমিউনিকেশন স্কিলস। লজিক্যাল রিজনিং অ্যান্ড অ্যানালিটিক্যাল এবিলিটি। ডিসিশন মেকিং অ্যান্ড প্রবলেম সলভিং। জেনারেল মেন্টাল এবিলিটি। মাধ্যমিক মানের বেসিক নিউম্যারেসি (নাম্বারস অ্যান্ড দেয়ার রিলেশনস, অর্ডারস অব ম্যাগনিটিউড ইত্যাদি) এবং ডেটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডেটা সাফিশিয়েন্সি ইত্যাদি)।

প্রিলিমিনারি পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে সিভিল সার্ভিসেস মেন এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস মেন পরীক্ষায় বসার যোগ্য প্রার্থীদের আলাদা তালিকা প্রকাশ করা হয়। প্রিলিমিনারি পরীক্ষায় প্রাপ্ত নম্বর পরবর্তী পর্যায়ের কোনও ক্ষেত্রে গ্রাহ্য হবে না। প্রিলিমিনারি পরীক্ষায় পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি এবং মেন পরীক্ষার একমাত্র পরীক্ষাকেন্দ্র কলকাতা।

**মেন পরীক্ষা:** প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সিভিল সার্ভিসেস এবং ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় থাকে মোট ৬টি পেপার। এর মধ্যে দু'টি আবশ্যিক: পেপার ওয়ান— জেনারেল ইংলিশ ও পেপার টু— জেনারেল নলেজ। প্রতিটি পেপারের নম্বর ৩০০। দু'টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হয়। প্রতিটি বিষয়ের দু'টি করে পত্র, মোট চারটি পেপার (পেপার থ্রি থেকে সিক্স)। মোট চারটি পেপারের প্রতিটিতে ২০০ নম্বরের পরীক্ষা হয়। লিখিত পরীক্ষায় সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

সিভিল সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় প্রথমে পেপার 'এ' এবং পেপার 'বি'-এর পরীক্ষা হয়। ৩০০ নম্বরের পেপার 'এ'-র জন্য ভারতীয় সংবিধানের অষ্টম তফসিলভুক্ত যে-কোনও একটি ভাষা নিতে হয়। পেপার 'বি'-তে থাকে ৩০০ নম্বরের ইংরেজি ভাষা। এই পেপার দু'টিতে পাওয়া নম্বর মেধাতালিকা তৈরিতে গ্রাহ্য হয় না। এই দু'টি পেপারে শুধুমাত্র কোয়ালিফাইং নম্বর থাকতে হয়। মেধাতালিকার ক্ষেত্রে থাকে ১,৭৫০ নম্বরের লিখিত পরীক্ষা। থাকে মোট ৭টি পেপার। ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হবে। পেপার ১-এ থাকবে ২৫০ নম্বরের এসে রাইটিং। পেপার-২, ৩, ৪ ও ৫: জেনারেল স্টাডিজ (প্রতি পেপার ২৫০ নম্বর)। পেপার টুতে থাকে ইন্ডিয়ান হেরিটেজ অ্যান্ড কালচার, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি অব দ্য ওয়ার্ল্ড অ্যান্ড সোসাইটি; পেপার থ্রিতে থাকে গভর্ন্যান্স, কনস্টিটিউশন, পোলিটি, সোশ্যাল জাস্টিস অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস; পেপার ফোরে থাকবে টেকনোলজি, ইকনমিক ডেভেলপমেন্ট, বায়ো-ডাইভার্সিটি, এনভায়রনমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট; পেপার ফাইভে থাকে এথিক্স, ইন্টিগ্রিটি অ্যান্ড অ্যাপ্টিটিউড। পেপার ৬ ও ৭: একটি ঐচ্ছিক (অপশনাল) বিষয় (প্রতি পেপারে ২৫০ নম্বর)।

অপশনাল বিষয় হিসেবে নেওয়া যায়: (১) এগ্রিকালচার, (২) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৩) অ্যানথ্রোপলজি, (৪) বটানি, (৫) কেমিস্ট্রি, (৬) সিভিল ইঞ্জিনিয়ারিং, (৭) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, (৮) ইকনমিক্স, (৯) ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১০) জিওগ্রাফি, (১১) জিওলজি, (১২) হিস্ট্রি, (১৩) ল, (১৪) ম্যানেজমেন্ট, (১৫) ম্যাথমেটিক্স, (১৬) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১৭) মেডিক্যাল সায়েন্স, (১৮) ফিলোজফি, (১৯) ফিজিক্স, (২০) পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস, (২১) সাইকোলজি, (২২) পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২৩) সোশিওলজি, (২৪) স্ট্যাটিস্টিক্স, (২৫) জুলজি, (২৬) নিম্নলিখিত যে-কোনও একটি ভাষা— অসমিয়া, বাংলা, বোড়ো, ডোগরি, গুজরাতি, হিন্দি, কন্নড়, কাশ্মীরি, কোঙ্কনি, মৈথিলী, মালয়লম, মারাঠি, মণিপুরি, নেপালি, ওড়িয়া, পঞ্জাবি, সংস্কৃত, সাঁওতালি, সিন্ধি, তামিল, তেলুগু, উর্দু, ইংরেজি।

পেপার 'বি' ছাড়া অন্য সব বিষয়ের পরীক্ষা বাংলাতেও দেওয়া যাবে, যদি স্নাতকে পড়াশোনার মাধ্যম বাংলা হয়। মেন পরীক্ষায় সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in **দরখাস্তের শেষ তারিখ ২৪ মার্চ।** প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দু'টি ধাপে অনলাইন ফর্ম পূরণ করতে হবে— পার্ট-ওয়ান এবং পার্ট-টু রেজিস্ট্রেশন।

প্রিলিমিনারি পরীক্ষার ফি ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না। পার্ট-টু রেজিস্ট্রেশনের পর পে-ইন-স্লিপের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারবেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন (ওয়ার্কিং ডে) ফি জমা দিতে হবে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৩ মার্চ। অনলাইনেও ফি জমা দেওয়া যাবে। সেক্ষেত্রে ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা এস বি আই ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অনলাইন ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৪মার্চ।

বিশেষ প্রয়োজনে যোগাযোগ করতে পারেন ইউ পি এস সি-র ফেসিলিটেশন কাউন্টারে এই ফোন নম্বরে: (০১১) ২৩৩৮-১১২৫/৫২৭১/২৩০৯-৮৫৪৩ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তরপ্রদেশ মেট্রো রেলে ২৯২

## স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর, মেইন্টেনার

স্টেশন কন্ট্রোলার ও মেইন্টেনার পদে ২৯২ জন কর্মী নেবে উত্তরপ্রদেশ মেট্রো রেল। নিয়োগ করা হবে নন-এক্সিকিউটিভ ক্যাটেগরিতে। প্রথমে ২ বছরের প্রবেশন ও ট্রেনিং। মনে রাখবেন, উত্তরপ্রদেশে বসবাসকারী প্রার্থীরাই এ ক্ষেত্রে সংরক্ষণের সুবিধা পাবেন। পশ্চিমবঙ্গের প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। এখানে তাই সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১২০টি শূন্যপদ নিয়েই আলোচনা করা হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: UPMRC/HR/Rectt/O&M/1/2021.

পোস্ট কোড এন ই ০১: **স্টেশন কন্ট্রোলার কাম ট্রেন অপারেটর:** শূন্যপদ ৭৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা সমতুল বিষয়ে তিন বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** এ-ওয়ান। **বেতনক্রম:** ৩৩,০০০-৬৭,৩০০ টাকা।

পোস্ট কোড এন ই ০২: **মেইন্টেনার (ইলেক্ট্রিক্যাল):** শূন্যপদ ২২টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** বি-ওয়ান। **বেতনক্রম:** ১৯,৫০০-৩৯,৯০০ টাকা।

পোস্ট কোড এন ই ০৩: **মেইন্টেনার (এস অ্যান্ড টি):** ১১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** বি-ওয়ান। **বেতনক্রম:** ১৯,৫০০-৩৯,৯০০ টাকা।

পোস্ট কোড এন ই ০৪: **মেইন্টেনার (সিভিল):** ১১টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিটার ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। **মেডিকেল স্ট্যান্ডার্ড:** বি-ওয়ান। **বেতনক্রম:** ১৯,৫০০-৩৯,৯০০ টাকা।

**বয়স:** সব ক'টি পদের ক্ষেত্রেই ১-৩-২০২১ তারিখে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিকেল এক্সামিনেশনের মাধ্যমে। স্টেশন কন্ট্রোলার পদের ক্ষেত্রে অতিরিক্ত সাইকো অ্যাপ্টিটিউড টেস্ট নেওয়া হবে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং সংশ্লিষ্ট বিষয়ে। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। মিরাট, লখনৌ, গাজিয়াবাদ, আলিগড়, নয়ডা, কানপুর, আগ্রা, বেনারস, গোরখপুর-সহ উত্তরপ্রদেশের বিভিন্ন শহরে পরীক্ষা নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upmetrorail.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২ এপ্রিল পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় ৮০ কেবি সাইজের মধ্যে প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং সই জে পি জি ফর্ম্যাটে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫৯০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অনলাইনে ফি জমা দেওয়া যাবে। এ ছাড়া অফলাইনে চালানের মাধ্যমে এস বি আই পেমেন্ট গেটওয়ে প্রক্রিয়ায় স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# হিন্দুস্তান পেট্রোলিয়ামে ২০০ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

২০০ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন। মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল এবং ইনস্ট্রুমেন্টেশন শাখায় ই-টু গ্রেডে নিয়োগ করা হবে। প্রবেশন ১ বছরের।

শাখানুসারে শূন্যপদের বিবরণ: মেকানিক্যাল ১২০টি, সিভিল ৩০টি, ইলেক্ট্রিক্যাল ২৫টি, ইনস্ট্রুমেন্টেশন ২৫টি। ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৯৩, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৪৯, আর্থিক ভাবে অনগ্রসর ২০।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল বা মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এবং ইনস্ট্রুমেন্টেশনের ক্ষেত্রে ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** ৩-৩-২০২১ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, গ্রুপ টাস্ক এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইন্টেলেকচুয়াল পোটেনশিয়াল টেস্ট এবং সংশ্লিষ্ট বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustanpetroleum.com দরখাস্তের শেষ তারিখ ১৫ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি এবং মোবাইল নম্বর থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,১৮০ টাকা (জি এস টি-সহ)। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউ পি আই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ISO 9001:2015 Certified, CIP Grade A1 (Outstanding)
Tolani Maritime Institute
offers following residential programmes

| 4 years B.Tech. Marine Engineering | 3 years B.Sc. Nautical Science | 1 year Diploma in Nautical Science |
|---|---|---|

Affiliated to Indian Maritime University
Approved by Directorate General of Shipping, Govt. of India

Qualifying in IMUCET as well as TMISAT is mandatory for admission

For details and Application form log on to: www.tolani.edu


*Ship board training of 6 months in case of B.Tech. Marine Engg., 1 year in case of B.Sc. Nautical Sc. after graduation and 18 months in case of Dip. in Nautical Sc. is mandatory to pursue sea going career.*
(Having passport at the time of admission is mandatory)
Admission open for batch starting in July/August 2021
Send filled application form to : The Admission Cell
Tolani Maritime Institute
Induri, Talegaon Dabhade, Pune 410 507.
Tel: + 91-2114-669600/01, 7350100003, 7350200003
admissions@tmi.tolani.edu.
Last date for sending filled application forms to TMI – 30th June 2021

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৯ ফেব্রুয়ারি-২৫ ফেব্রুয়ারি

**১৯ ফেব্রুয়ারি** পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হওয়ার আগেই এ রাজ্যে ১২৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানোর সিদ্ধান্ত নিল কেন্দ্র। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের খবর ভোট পর্বে রাজ্যে বিএসএফ, সিআরপি, ইন্দো-তিব্বত সীমান্তরক্ষী বাহিনী, সশস্ত্র সীমা বল, সিআইএসএফের জওয়ান মোতায়েন করা হবে। উল্লেখ্য, গত লোকসভা ভোটে রাজ্যে প্রথমে ৪৪০ কোম্পানি আধাসেনা মোতায়েন করা হয়েছিল। পরে যা ৭৭০ কোম্পানিতে পৌঁছয়।

## মায়ানমারে সেনা সরকারকে কড়া বার্তা রাষ্ট্রপুঞ্জের




২২ ফেব্রুয়ারিঃ মায়ানমারের সেনা-শাসনের উদ্দেশে ফের একবার কড়া বার্তা দিলেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেস। রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার রক্ষা বিষয়ক সংগঠনের ৪৬তম বার্ষিক বক্তৃতায় কার্যত একটাই দেশের নাম নিয়ে তাকে সরাসরি কাঠগড়ায় তুললেন গুতেরেস। তিনি বলেন, 'মায়ানমারের সেনাকে বলছি, অবিলম্বে তারা যেন দেশের নেতা-নাগরিকদের উপর দমনমূলক নীতি প্রত্যাহার করে নেয়।' উল্লেখ্য, ভোটে নির্বাচিত সরকারকে হটিয়ে মায়ানমারের ক্ষমতা দখল করা নিয়ে গোড়া থেকেই সেনার বিরুদ্ধে অসন্তোষ প্রকাশ করে আসছিল রাষ্ট্রপুঞ্জ। পরিস্থিতি না শোধরালে আমেরিকা, ব্রিটেন, কানাডা পাল্টা অর্থনৈতিক নিষেধাজ্ঞা চালানোর হুঁশিয়ারিও দিয়েছে।

**২০ ফেব্রুয়ারি** কেন্দ্রীয় বাজেটকে অনুসরণ করেই রাজ্য বাজেট তৈরি করার প্রস্তাব দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর আগে এক দেশ-এক ভোট-এক আচরণবিধি সংক্রান্ত প্রস্তাব ঘিরে বিতর্ক ছিলই। তার মধ্যেই প্রধানমন্ত্রী নীতি আয়োগের পরিচালন পর্ষদের ভার্চুয়াল বৈঠকে প্রস্তাব দিলেন, দেশের সার্বিক বিকাশের লক্ষ্যে এবার থেকে কেন্দ্র-রাজ্য সমন্বয়ের মাধ্যমে কেন্দ্রীয় বাজেটকে অনুসরণ করে নিজেদের বাজেট তৈরি করুক বিভিন্ন রাজ্য। বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী ও কেন্দ্রীয় আমলাদের উদ্দেশে মোদী বলেন, 'কেন্দ্র ও রাজ্য নিজেদের বাজেটকে একসূত্রে বেঁধে ফেলুক। কেন্দ্রের বাজেটকে অনুসরণ করে রাজ্যের বাজেট তৈরি হলে দুটি ক্ষেত্রই একযোগে এগোবে।' পশ্চিমবঙ্গের কোনও প্রতিনিধি অবশ্য এ দিন নীতি আয়োগের বৈঠকে যোগ দেননি।

**২১ ফেব্রুয়ারি** পেট্রল ও ডিজেলে ১ টাকা দাম কমানোর সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। লাগামছাড়া মূল্যবৃদ্ধির হাত থেকে আম জনতাকে কিছুটা অন্তত স্বস্তি দিতে এই দাম কমানোর সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। রাজ্যের অর্থমন্ত্রী অমিত মিত্র জানিয়েছেন, পেট্রল ও ডিজেলের উপরে রাজ্য সরকার যে কর (ভ্যাট) আদায় করে, সেই করই ১ টাকা কমানো হয়েছে।

**তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের** স্ত্রী ও শ্যালিকাকে কয়লা পাচারের ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য নোটিস দিল সিবিআই। এ দিন সিবিআইয়ের একটি দল কালীঘাটে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বাসভবনে গিয়ে তাঁর স্ত্রী রুজিরা বন্দ্যোপাধ্যায়ের নামে নোটিস দিয়ে আসে। সিবিআইয়ের পাঠানো এই নোটিসকে কেন্দ্রের চক্রান্ত বলে অভিযোগ করেছেন অভিষেক।

**করোনা ভাইরাসের প্রতিষেধক** 'কোভিশিল্ড'-এর জন্য যে সব দেশ অপেক্ষা করে রয়েছে তাদের ধৈর্য ধরার বার্তা দিলেন সিরাম ইনস্টিটিউট অব ইন্ডিয়ার সিইও আদর পুনাওয়ালা। এ দিন তিনি একটি টুইটে লেখেন, 'কোভিশিল্ডের জন্য অপেক্ষমাণ প্রিয় দেশগুলি এবং সেখানকার সরকার, আমি বিনীতভাবে অনুরোধ করতে চাই, একটু ধৈর্য ধরুন। সিরাম ইন্ডিয়াকে নির্দেশ দেওয়া হয়েছে ভারতের বিপুল চাহিদাকে অগ্রাধিকার দিতে এবং তার সঙ্গেই বাকি পৃথিবীর প্রয়োজন অনুযায়ী সরবরাহের একটি ভারসাম্য রাখতে।' তিনি আরও জানান বাইরের দেশকে সরবরাহের জন্য সিরাম সেরা চেষ্টা চালিয়ে যাচ্ছে।

## পুদুচেরিতে পতন কংগ্রেসের



২২ ফেব্রুয়ারিঃ পুদুচেরিতে পতন হল কংগ্রেস সরকারের। কংগ্রেস ও তার শরিক ডিএমকে মিলিয়ে শাসক জোটের ছ'জন মন্ত্রী, বিধায়ক দল ছাড়ার পরে পুদুচেরিতে কংগ্রেসের জোট সরকার সংখ্যালঘু হয়ে পড়েছিল। তার জেরে এ দিন বিধানসভায় আস্থাভোটে হেরে ইস্তফা দিতে হল মুখ্যমন্ত্রী ভি নারায়ণস্বামীকে। এর ফলে পুরো দক্ষিণ ভারতেই আর কোথাও কংগ্রেসের সরকার রইল না। সারা দেশের বিচারেও এখন মাত্র তিন রাজ্যে কংগ্রেসের সরকার রইল। রাজস্থান, পঞ্জাব ও ছত্তীসগঢ়ে। মহারাষ্ট্র এবং ঝাড়খণ্ডে কংগ্রেস জোট সরকারের শরিক হলেও, বিধায়ক সংখ্যার বিচারে তাদের শক্তি তুলনায় কম।




"এই বৃহত্তম ক্ষতিপূরণের (১ কোটি ৭০ লক্ষ ডলার) ফলে সর্বত্র জোরালো বার্তা যাবে যে কৃষ্ণাঙ্গদের জীবনের সত্যিই মূল্য আছে ('ব্ল্যাক লাইভস ডু ম্যাটার')। অশ্বেতাঙ্গদের বিরুদ্ধে পুলিশি নির্যাতন যে শেষ হওয়া অবশ্য প্রয়োজন, সেই কথাটিও গুরুত্ব পাবে।"

বেন ক্রাম্প, *জর্জ ফ্লয়েডের পরিবারের আইনজীবী*

মিনিয়াপোলিস সিটি কাউন্সিল সে দেশে পুলিশের হাতে নিহত কৃষ্ণাঙ্গ জর্জ ফ্লয়েডের পরিবারকে রেকর্ড পরিমাণ অর্থ ২ কোটি ৭০ লক্ষ ডলার (১৯৬ কোটি টাকা) ক্ষতিপূরণ দিয়ে মামলার নিষ্পত্তি করার পর

## জামিন পেলেন ভারভারা রাও



২২ ফেব্রুয়ারিঃ ভীমা-কোরেগাঁও মামলায় প্রায় দু'বছর জেল হেফাজতে থাকার পর জামিন পেলেন কবি ও সমাজকর্মী ভারভারা রাও। বম্বে হাইকোর্ট একাশি বছরের সমাজকর্মীকে ৬ মাসের জামিন দিয়েছে। জেলে থাকাকালীনই অত্যন্ত অসুস্থ হয়ে পড়েন ভারভারা। এ দিন হাইকোর্টের বিচারপতিরা বলেন, এখন শারীরিক অসুস্থতার কারণে ভারভারাকে জামিন না দিলে মানবাধিকারের নীতি রক্ষার ক্ষেত্রে কর্তব্য পালনে ব্যর্থ হবে হাইকোর্ট।

**২২ ফেব্রুয়ারি** বারাসাত রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হলেন বাগবাজার উইমেন্স কলেজের অধ্যক্ষা মহুয়া দাস। তিনি বাসব চৌধুরীর জায়গায় এলেন। রাজ্যপালের সম্মতি ছাড়াই উপাচার্য পদের এই নিয়োগে বিতর্ক দেখা দিয়েছে। তবে উচ্চশিক্ষা সচিব মনীশ জৈন জানিয়েছেন, মহুয়া দেবীর নাম উপাচার্য হিসেবে অনুমোদনের জন্য দু'বার পাঠানো হয়। কিন্তু আচার্য তথা রাজ্যপাল এ দিন পর্যন্ত অনুমোদন দেননি। অন্যদিকে এ দিনই শেষ হয় পূর্বতন উপাচার্যের মেয়াদ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ কোনওভাবেই ফাঁকা রাখা যায় না, এই যুক্তিতে নতুন উপাচার্য নিয়োগ করল উচ্চশিক্ষা দপ্তর।

**২৩ ফেব্রুয়ারি** দক্ষিণেশ্বর থেকে গড়িয়া পর্যন্ত ৩১ কিলোমিটার বিস্তৃত মেট্রোর পুরো রুটে যাত্রী পরিবহণ শুরু হল। কলকাতা মেট্রোর কর্তাদের প্রাথমিক হিসাব, কয়েকদিনের মধ্যেই দক্ষিণেশ্বর স্টেশনে দিনে অন্তত ৫০ হাজার যাত্রী যাতায়াত করবেন।

**বেঙ্গালুরুর পরিবেশকর্মী দিশা রবি ন'দিন** পর জামিন পেলেন। দিল্লির পাতিয়ালা হাউস আদালত ১ লক্ষ টাকার ব্যক্তিগত বন্ড এবং সমপরিমাণ অর্থের দু'জন জামিনদারের শর্তে দিশার জামিন মঞ্জুর করেছে। কৃষক আন্দোলনের সমর্থনে সুইডেনের পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গের বিতর্কিত টুলকিট এডিট করে শেয়ার করার অভিযোগে ১৩ ফেব্রুয়ারি বেঙ্গালুরু থেকে গ্রেপ্তার করা হয় দিশাকে। তাঁর বিরুদ্ধে আনা হয় রাষ্ট্রদ্রোহ এবং বৃহত্তর ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগ। দিল্লি পুলিশ আরও দাবি করে, গ্রেটার টুলকিটটি যে খালিস্তানপন্থী সংগঠন তৈরি করেছে, সেই পোয়েটিক জাস্টিস ফাউন্ডেশনের সদস্যদের সঙ্গে জুম কলে দীর্ঘ বৈঠক করেছেন দিশা।

**২৪ ফেব্রুয়ারি** মায়ানমারের জুন্টা সরকারকে সে দেশের নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা তুলে দিতে বললেন মার্কিন বিদেশ দপ্তরের মুখপাত্র নেড প্রাইস। এর একদিন আগেই আমেরিকা মায়ানমারের বিরুদ্ধে নতুন আর্থিক নিষেধাজ্ঞা জারি করেছিল। এ দিন নেড বলেন, 'মায়ানমারের সেনাপ্রধানদের উদ্দেশে একটাই কথা বলার। গণতান্ত্রিক ভাবে নির্বাচিতদের হাতে ক্ষমতা তুলে দিন দ্রুত।'

**উত্তরপ্রদেশ বিধানসভায় বিরোধীদের** তীব্র আপত্তির মধ্যেই অবৈধ ধর্মান্তকরণ বিলটি পাশ হয়ে গেল। নভেম্বরে এ বিষয়ে অধ্যাদেশ জারি করেছিল যোগী আদিত্যনাথের সরকার। বিলটিতে বলা হয়েছে, শুধুমাত্র বিয়ে করার জন্য ধর্ম বদল করা হলে, সেই বিয়ে বাতিল বলে গণ্য হবে। বিয়ের পরে ধর্ম বদলাতে চাইলে জেলাশাসকের কাছে আবেদন করতে হবে। আইন ভাঙলে ১০ বছর পর্যন্ত জেল ও সর্বোচ্চ ৫০ হাজার টাকা জরিমানা হতে পারে। সঙ্ঘ শিবিরের মতে তথাকথিত 'লাভ জেহাদ' রুখতে এই আইন জরুরি। উল্লেখ্য, বিজেপি শাসিত রাজ্যগুলিতে এই ধরনের আইন করার প্রক্রিয়া বিভিন্ন পর্যায়ে রয়েছে।

**শ্রীলঙ্কা সফরে গিয়ে নিজেকে শান্তিকামী** হিসেবে তুলে ধরলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। শ্রীলঙ্কা-পাকিস্তান বাণিজ্য ও বিনিয়োগ সংক্রান্ত এক সম্মেলনে বক্তৃতা দিতে গিয়ে তিনি বলেন, কাশ্মীর ছাড়া ভারত ও পাকিস্তানের মধ্যে আর কোনও মতভেদ নেই। পাকিস্তান বিশ্বাস করে, কাশ্মীর নিয়ে মতভেদও আলোচনার মাধ্যমে মিটিয়ে ফেলা সম্ভব। ইমরান দাবি করেন, ক্ষমতায় আসার পর থেকে তিনি অনেকবার ভারতের শাসকদের কাছে কাশ্মীর সমস্যা নিয়ে আলোচনার প্রস্তাব দিয়েও সাড়া পাননি। তবে তাঁর আশা ভারত একদিন নিশ্চয়ই আলোচনায় সাড়া দেবে।

**স্বাস্থ্যকর্মী ও ফ্রন্টলাইন ওয়ার্কারদের** পরে পরবর্তী পদক্ষেপ হিসেবে ১ মার্চ থেকে ২৭ কোটি সাধারণ নাগরিকের টিকাকরণ প্রক্রিয়া শুরু করার সিদ্ধান্ত নিল নরেন্দ্র মোদী সরকার। এ দিন কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, ওই টিকাকরণে অগ্রাধিকার পাবেন ষাট বছরের বেশি বয়সিরা। একই সঙ্গে মৃত্যুহার কমাতে যাঁদের বয়স ৪৫ বছরের বেশি কিন্তু দীর্ঘদিন বিভিন্ন রোগে ভুগছেন, তাঁদেরও এই দফায় প্রতিষেধকের আওতায় নিয়ে আসা হবে। এছাড়া বেসরকারি হাসপাতালে গিয়েও টাকা খরচ করে টিকা নিতে পারবেন সাধারণ মানুষ।

## মোদীর নামে নাম মোতেরার ক্রিকেট স্টেডিয়ামের



২৪ ফেব্রুয়ারিঃ বল্লভভাই পটেলের নামাঙ্কিত আমেদাবাদের মোতেরার ক্রিকেট স্টেডিয়ামের নাম পাল্টে হয়ে গেল নরেন্দ্র মোদী স্টেডিয়াম। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ প্রধানমন্ত্রীর নামে হওয়া 'বিশ্বের বৃহত্তম' ক্রিকেট স্টেডিয়ামের উদ্বোধন করেন। উদ্বোধনের মঞ্চ থেকেই স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ঘোষণা করেন, 'আমরা এর নাম প্রধানমন্ত্রীর নামে রাখার সিদ্ধান্ত নিয়েছি। কারণ এটা নরেন্দ্র মোদীর স্বপ্নের প্রকল্প ছিল। প্রসঙ্গত, উদ্বোধনের আগে পর্যন্ত কারও জানা ছিল না, স্টেডিয়ামের নাম প্রধানমন্ত্রীর নামে হতে চলেছে। উদ্বোধনের পরে রাষ্ট্রপতি কোবিন্দ বলেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুজরাতের মুখ্যমন্ত্রী থাকার সময়ে এর পরিকল্পনা করেছিলেন। তিনি সে সময় গুজরাত ক্রিকেট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ছিলেন।'

**২৫ ফেব্রুয়ারি** লন্ডনের জেলে বন্দি হিরে ব্যবসায়ী নীরব মোদীকে ভারতে বিচারের জন্য পাঠানোর নির্দেশ দিল ব্রিটেনের আদালত। ২০১৯-এর মার্চে গ্রেপ্তারের পরে প্রত্যর্পণ ঠেকাতে আইনি লড়াই চালাচ্ছিলেন মোদী। তাঁর বিরুদ্ধে ভুয়ো কাগজপত্র দিয়ে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক থেকে ১৪ হাজার কোটি টাকা ঋণ নিয়ে ফেরার হওয়ার অভিযোগে মামলা করেছে সিবিআই এবং ইডি। এইসব মামলার তথ্যপ্রমাণ ভারত সরকার পাঠানোর পর রায় দিতে গিয়ে ব্রিটেনের বিচারক জানিয়েছেন তিনি সন্তুষ্ট। তবে এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে যেতে পারবেন নীরব মোদী।

**নেটফ্লিক্স, আমাজন প্রাইমের মতো** ওটিটি প্ল্যাটফর্ম এবং ফেসবুক, হোয়াটসঅ্যাপের মতো সোশ্যাল মিডিয়াকে নিয়মে আবদ্ধ করতে নির্দেশিকা জারি করল কেন্দ্র। তথ্য-প্রযুক্তি মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ দাবি করেছেন মহিলাদের সম্মান হানির ঘটনা থেকে শুরু করে দেশবিরোধী প্রচারের বাড়বাড়ন্তের মতো বিভিন্ন বিষয়ে রাশ টানতেই এই উদ্যোগ। অভিযোগ শোনার জন্য অফিসার নিয়োগ থেকে শুরু করে ভুয়ো বা উস্কানিমূলক খবরের উৎস খুঁজে বার করার মতো বিভিন্ন বিষয়ে জোর দেওয়া হয়েছে নতুন নিয়মে। রাজনৈতিক দলগুলিকেও এই নিয়ম মানতে বলা হয়েছে।

## চতুর্থ গ্র্যান্ড স্লাম জয় ওসাকার



২০ ফেব্রুয়ারিঃ আমেরিকার জেনিফার ব্র্যাডিকে ৬-৪, ৬-৩ সেটে হারিয়ে অস্ট্রেলিয়ান ওপেন টেনিস খেতাব জিতলেন নাওমি ওসাকা। এটি ছিল তাঁর চতুর্থ গ্র্যান্ড স্লাম জয়। দুটি অস্ট্রেলিয়ান ওপেন, দুটি ইউএস ওপেন। কেরিয়ারের প্রথম চারটি গ্র্যান্ড স্লাম ফাইনালে উঠে চারটিতেই চ্যাম্পিয়ন হয়ে নজির গড়লেন তিনি। এমন নজির টেনিসের ওপেন যুগে আছে মাত্র দু'জনের। রজার ফেডেরার ও মনিকা সেলেসের।

## নবম অস্ট্রেলীয় ওপেন জয় জকোভিচের



২১ ফেব্রুয়ারিঃ নবম অস্ট্রেলিয়ান ওপেন খেতাব জিতলেন নোভাক জকোভিচ। মেলবোর্নে প্রতিযোগিতার ফাইনালে দানিল মেদভেদেভকে তিনি ৭-৫, ৬-২, ৬-২ স্ট্রেট সেটে হারিয়ে দিলেন। এই নিয়ে ১৮তম গ্র্যান্ডস্লাম জিতলেন নোভাক জকোভিচ। রাফায়েল নাদাল যেমন ১৩ বার ফরাসি ওপেন জেতায় ক্লে কোর্টের রাজা বলে পরিচিত তেমনই জকোভিচ হয়ে উঠেছেন অস্ট্রেলিয়ান ওপেনের ক্ষেত্রে। এই মুহূর্তে তাঁর থেকে ঠিক দুটো গ্র্যান্ড স্লাম বেশি জিতে রয়েছেন রজার ফেডেরার ও রাফায়েল নাদাল।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি



**স্টাইপেন্ড: মাসিক ২৫,০০০ টাকা**

রেডিওলজিক্যাল ফিজিক্সের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টারের রেডিওলজিক্যাল ফিজিক্স অ্যান্ড অ্যাডভাইসরি ডিভিশন। এটি হোমি ভাবা ন্যাশনাল ইনস্টিটিউটের অধীনস্থ একটি সংস্থা। কোর্সের মেয়াদ ১ বছর। পরীক্ষাকেন্দ্র মুম্বই। কোর্স শুরু হবে অগস্টে। এই কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: 3/2021 (R-V).

আসনসংখ্যা: ৩০টি। এর মধ্যে ৫টি আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে এম এসসি। স্নাতক স্তরেও প্রধান বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে এবং মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ পাশ করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের রেডিওথেরাপি দপ্তরে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৮-২০২১ তারিখে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। স্পনসর্ড প্রার্থীরা ৪০ বছর পর্যন্ত ছাড় পাবেন। **স্টাইপেন্ড:** নন-স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা (কমন এন্ট্রান্স টেস্ট) এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৯ মে, সকাল ১১টা থেকে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে। সময়সীমা দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: অ্যাটমিক এনার্জি জুনিয়র কলেজ, অণুশক্তিনগর, মুম্বই-৪০০ ০৯৪। পরীক্ষার ফল ঘোষণা করা হবে পরীক্ষার দিনই। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের ইন্টারভিউ হবে ১০ থেকে ১২ মে পর্যন্ত। স্পনসর্ড প্রার্থীদের শুধুমাত্র ইন্টারভিউ হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruit.barc.gov.in আবেদনের শেষ তারিখ ৫ এপ্রিল। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ড হতে হবে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং যুদ্ধক্ষেত্রে কর্মরত অবস্থায় মৃত সমরকর্মীর সন্তানদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.barc.gov.in

## ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে স্নাতকোত্তর কোর্সে ভর্তি





ফরেস্ট্রি, উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট এবং সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজি বিষয়ে এম এসসি কোর্সে ভর্তি নেবে দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট। প্রার্থী বাছাই করা হবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

কোর্সের বিবরণ: **ফরেস্ট্রি:** আসনসংখ্যা: ৩৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে বটানি বা কেমিস্ট্রি বা জিওলজি বা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা জুলজি পড়ে থাকতে হবে। এগ্রিকালচার বা ফরেস্ট্রিতে বি এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি:** আসনসংখ্যা: ৩৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, ম্যাথমেটিক্স এবং কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। ফরেস্ট্রিতে বি এসসি থাকলেও আবেদন করা যাবে।

**এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা: ৩৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** বেসিক সায়েন্স বা অ্যাপ্লায়েড সায়েন্সের যে-কোনও শাখায় বি এসসি। ফরেস্ট্রি বা এগ্রিকালচারে বি এসসি অথবা এনভায়রনমেন্ট সায়েন্সে বি ই বা বি টেক থাকলেও আবেদনের যোগ্য।

**সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজি:** আসনসংখ্যা: ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা কেমিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

সবক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে অনলাইনে, ১৬ মে। প্রশ্ন হবে এইসব বিষয়ে বেসিক ও সোশ্যাল সায়েন্স, এরিথমেটিক, কোয়ান্টিটেটিভ এবিলিটি, কম্পিউটেশনাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ রিজনিং, ইন্টারপ্রিটেশন অব টেবলস অ্যান্ড গ্রাফস, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, ভোকাবুলারি, গ্রামার, ইডিয়ম। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.fridu.edu.in পূরণ করবেন যথাযথভাবে।


ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট। ড্রাফটটি 'Registrar, FRI Deemed to be University, P.O. IPE, Kaulagarh Road, Dehradun-248195'-এর অনুকূলে দেরাদুনে প্রদেয় হতে হবে।

ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র ১৬ এপ্রিলের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Forest Research Institute Deemed to be University, P.O. IPE, Kaulagarh Road, Dehradun-248195.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

প্রকাশিত
মার্চ, ২০২১
পেশাপ্রবেশ






সব গুরুত্বপূর্ণ ঘটনা নিয়ে সমস্ত চাকরির প্রস্তুতি-সহায়িকা

ডব্লু বি সি এস, স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এবং মাল্টি টাস্কিং নন-টেকনিক্যাল স্টাফ, রাজ্য পুলিশ, কেন্দ্রীয় সরকারের স্টেনোগ্রাফার। সঙ্গে থাকছে রাজ্য, জাতীয় ও আন্তর্জাতিক স্তরের জরুরি খবর।

আজই আপনার সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন।

sosideas

প্রকাশিত
মার্চ, ২০২১
ভ্রমণ






গরম এবার পাহাড়ে!

কুনজুম পাস পেরিয়ে সিমলা থেকে মানালি • কাশ্মীর • অপূর্ব লাদাখ • যোশীমঠের আশেপাশে • কুমায়ুন • পাঁচটি স্বল্প চেনা জঙ্গল • সিকিম • কাজিরাঙা • শিলং থেকে জওয়াই • মনের আরাম মিজোরাম • দার্জিলিং • উটি ইয়ারকাড হোগেনাক্কাল.

আজই আপনার সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন।

sosideas

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 3):** *The word opposite in meaning to the given word.*
1. NIBBLE
(a) Devour (b) Consume (c) Swallow (d) Munch
2. JEOPARDY
(a) Safety (b) Comfort (c) Pbasure (d) Stability
3. HINDRANCE
(a) Approval (b) Approbation (c) Assistanec (d) Authorization
**Direction (4 and 5):** *Choose the alternative which best expresses the meaning of the Idiom/Phrase.*
4. Ravi wants to **blaze a trial** in his activities.
(a) Initiate work and be a pioneer (b) Blow the trumpet (c) Be supported (d) Be the centre of attraction
5. Their friendship lasted **without a cloud** to the end of his life.
(a) without trouble (b) without romance (c) without concealment (d) without stigma
**Direction (6 and 8):** *Choose the one which best expresses the meaning of the given word.*
6. PERIPHERY
(a) Edge (b) Terminus (c) Circle (d) Boundary
7. EXONERATE
(a) Negate (b) Charge (c) Absolve (d) Execute
8. EXQUISITE
(a) Quizzical (b) Exciting (c) Exact (d) Wonderful
**Direction (9 to 11):** *Choose the one which can be substituted for the given words/sentence.*
9. Something which is not in harmony:
(a) Smooth (b) Quit (c) Cacophonous (d) Noisy
10. A list of books:
(a) Anthology (b) Glossary (c) Catalogue (d) Index
11. Man with womanly habits and manners:
(a) Bovine (b) Suave (c) Effeminate (d) Gay
**Direction (12 to 15):** *Fill in the blanks with appropriate words.*
12. Rita ____ her homework yet.
(a) does not do (b) did not do (c) has not done (d) will not do
13. He is utterly ___ at the end of the day.
(a) worn though (b) worn out (c) worn away (d) worn on
14. People should refrain ____ evil deeds.
(a) to do (b) in doing (c) from doing (d) doing
15. They will laugh at you.
(a) you may be laughed at by them (b) You will be laughed at by them (c) you will have been laughed at by them (d) you can be laughed at by them
16. She took the dog for a walk.
(a) The dog took her for a walk (b) The dog was took for a walk (c) The dog took a walk by her (d) The dog was taken for a walk by her
17. He said that we are all born to die.
(a) He said, 'we were all born to die' (b) He said, 'we are all born to die' (c) He said, 'we have all been born to die' (d) He exclaimed, 'we were all born to die'
18. He said to me, 'I grew these carrots myself.'
(a) He told me that he grew these carrots himself (b) He told me that he had grown those corrots himself (c) He told me that he grew those carrots himself (d) He told me I grew these carrots myself
**Direction (19 and 20):** *Find out the correcly spelt word.*
19. (a) Dysentery (b) Dysentary (c) Dysantery (d) Dysentry
20. (a) Rejuenation (b) Rejevanation (c) Rejuvenation (d) Rejvenation
21. The word 'pride' is also used to describe a group of:
(a) Tigers (b) Elephants (c) Lions (d) Hyenas
22. To be very busy is to be a busy as a:
(a) Squirrel (b) Bee (c) Duck (d) Mouse
23. It is 9 O'clock ___ my watch.
(a) by (b) in (c) at (d) to
24. A gentleman should be true ____ his words.
(a) from (b) to (c) in (d) on
25. My friend is proficient ____ the art of cooking.
(a) in (b) for (c) at (d) with
26. বাংলায় স্বাধীন নবাবির সূচনা করেন:
(a) মর্শিদকুলি খাঁ (b) আলিবর্দি খাঁ (c) সিরাজউদদ্দৌলা (d) মিরকাশিম
27. হায়দ্রাবাদে স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) সাদাত খাঁ (b) মুর্শিদকুলি খাঁ (c) নিজাম-উল-মুলক (d) হায়দার আলি
28. নিজাম-উল-মুলক-এর তৃতীয় পুত্রের নাম:
(a) মুজাফফর জঙ (b) সলাবৎ জঙ (c) নাসির জঙ (d) মহম্মদ আলি
29. মাদ্রাজে সেন্ট জর্জ দুর্গ নির্মাণ করে:
(a) ফরাসিরা (b) ইংরেজরা (c) ডাচরা (d) পোর্তুগিজরা
30. কলকাতায় ইংরেজরা ফোর্ট উইলিয়াম দুর্গ স্থাপন করেছিল:
(a) 1600 সালে (b) 1690 সালে (c) 1800 সালে (d) 1725 সালে
31. ভারতের কোন রাজ্যে প্রথম ইংরেজরা রাজনৈতিক আধিপত্য প্রতিষ্ঠা করে?
(a) মুম্বাই (b) গুজরাট (c) মাদ্রাজ (d) বাংলা
32. 'দস্তক' কথাটির অর্থ:
(a) রাজ্য (b) রাজস্ব (c) সাম্রাজ্য (d) বাণিজ্যিক ছাড়পত্র
33. স্থবিরবাদ ও আচার্য বাদের সৃষ্টি হয় কোন বৌদ্ধ সম্মেলনে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ
34. 'Lord of the South' উপাধিতে কাকে ভূষিত করা হয়েছিল?
(a) গৌতমীপুত্র সাতকর্ণী (b) সিমুক (c) যজ্ঞশ্রী সাতকর্ণী (d) প্রথম সাতকর্ণী
35. ভারতে কোন শাসক সর্বপ্রথম হাসপাতাল প্রতিষ্ঠা করেন?
(a) কণিষ্ক (b) অশোক (c) চন্দ্রগুপ্ত মৌর্য (d) শেরশাহ
36. হরপ্পা সভ্যতার পয়ঃপ্রণালী ব্যবস্থা বিশ্বের কোন সভ্যতার সঙ্গে তুলনা করা হয়?
(a) রোমান (b) গ্রিক (c) সুমেরীয় (d) ব্যাবিলনীয়
37. 'উরাল পর্বতের দক্ষিণস্থ খিরখিজ তৃণভূমি অঞ্চলই ছিল আর্যদের আদিতম বাসস্থান'— কে এই অভিমতটি পোষণ করেন?
(a) অধ্যাপক গাইলস (b) অধ্যাপক হার্ট (c) অধ্যাপক ব্রান্ডেস্টাইন (d) ডঃ ত্রিবেদী
38. বৈদিক যুগে চিকিৎসককে কী বলা হত?
(a) অগ্ন (b) অয়স (c) শতঅরিত্র (d) ভিষক
39. কোন রাজ্য সেন্ট টমাসের কাছে খ্রিস্টধর্ম গ্রহণ করেছিলেন?
(a) মিনান্দার (b) রুদ্রদমন (c) গন্ডোফার্নেস (d) মোয়েস
40. প্রতিহার রাজ মিহিরভোজের রাজত্বকালের প্রশংসা করেছেন কোন বিদেশি পর্যটক?
(a) হিউয়েন সাঙ (b) সুলেমান (c) তেভার্নিয়ে (d) মানুচি
41. সংগীতজ্ঞ রুদ্রাচার্য কোন যুগের রাজসভায় ছিলেন?
(a) পল্লব (b) চালুক্য (c) রাষ্ট্রকূট (d) চোল
42. সেনযুগের একজন বিখ্যাত শিল্পী ও স্মৃতিশাস্ত্রজ্ঞ ছিলেন:
(a) শূরপাল (b) চক্রপানিদত্ত (c) শূলপানি (d) পতঞ্জলি
43. খাজুরাহোর মন্দিরগুলি কোন ধরনের শিল্পীরীতির নিদর্শন?
(a) গান্ধার (b) বেসারা (c) নাগারা (d) দ্রাবিড়ীয়
44. নীচের গ্রন্থত্রয়ের রচয়িতাদের সঠিক নাম নির্দেশ করুন: 'কিরান উস সাদিন', 'তাজ-উল-মাসির', 'তারিখ-ই-সিন্ধ':
(a) আমির খসরু, সামস-ই সিরাজ আফিক, আলবিরুনী (b) জিয়াউদ্দিন বরণী, হাসান নিজামী, মীর মহম্মদ মাসুদ (c) হাসান নিজামী, আমির খসরু, সামস-ই-সিরাজ আফিক (d) আমির খসরু, হাসান নিজামী, মীর মহম্মদ মাসুদ
45. রাওরের যুদ্ধ (712 খ্রিস্টাব্দ) আরব সেনাপতি ছিলেন:
(a) ওবেদুল্লা (b) মহঃবিন কাশিম (c) সুলতান মামুদ (d) বুদাইল
46. ইলতুৎমিস এর সিংহাসনারোহন কালে বাংলার তৎকালীন শাসক ছিলেন:
(a) নাসিরুদ্দিন কুবাচা (b) খলজি আলি মর্দান (c) তাজউদ্দিন ইলদীজ (d) জালালউদ্দিন মঙ্গবরণী
47. 'পীরমহম্মদ' কোন ইতিহাস বিখ্যাত চরিত্রের পৌত্র ছিলেন?
(a) ঔরঙ্গজেব (b) শিবাজি (c) তৈমুরলঙ (d) সুলতান মামুদ
48. 1765 সালের মধ্যে ভারতে কোম্পানির ক'টি প্রেসিডেন্সি স্থাপিত হয়?
(a) 3টি (b) 4টি (c) 5টি (d) 6টি
49. বাংলায় দ্বৈতশাসনের অবসান হয়:
(a) 1765 সালে (b) 1767 সালে (c) 1770 সালে (d) 1772 সালে
50. কে বাংলার দ্বৈতশাসন ব্যবস্থার অবসান ঘটান?
(a) রবার্ট ক্লাইভ (b) ভেরেলেস্ট (c) ওয়ারেন হেস্টিংস (d) লর্ড ওয়েলেসলি
51. ম্যাঙ্গালোরের সন্ধি স্বাক্ষরিত হয়:
(a) 1780 সালে (b) 1782 সালে (c) 1784 সালে (d) 1786 সালে
52. চতুর্থ ইঙ্গ মহীশূর যুদ্ধের (1799 সালে) সময় ইস্ট-ইন্ডিয়া কোম্পানির গভর্নর ছিলেন?
(a) হেস্টিংস (b) ডালহৌসি (c) আমহার্স্ট (d) ওয়েলেসলি
53. 'ভারতের ম্যাকিয়াভেলি' বলা হয়:
(a) টিপু সুলতানকে (b) হায়দার আলিকে (c) নানা ফড়নবিশকে (d) রঘুনাথ রাওকে
54. সলবাই-এর সন্ধি স্বাক্ষরিত হয়:
(a) 1755 সালে (b) 1775 সালে (c) 1782 সালে (d) 1785 সালে
55. ইংরেজরা বেসিনের সন্ধি স্বাক্ষর করেছিল:
(a) প্রথম মাধব রাও-এর সঙ্গে (b) দ্বিতীয় মাধব রাও-এর সঙ্গে (c) পেশোয়া প্রথম বাজিরাও-এর সঙ্গে (d) পেশোয়া দ্বিতীয় বাজিরাও-এর সঙ্গে
56. কোন সন্ধির দ্বারা পেশোয়া দ্বিতীয় বাজিরাও অধীনতামূলক মিত্রতা নীতি গ্রহণ করেন?
(a) সলবাই-এর সন্ধি (b) বেসিনের সন্ধি (c) সুরাটের সন্ধি (d) লাহোরের সন্ধি
57. পেশোয়া পদ বিলুপ্ত হয় যে সন্ধির দ্বারা:
(a) বেসিনের সন্ধি (b) পুরন্দরের সন্ধি (c) পুনা সন্ধি (d) ম্যাঙ্গালোরের সন্ধি
58. মারাঠাদের শেষ পেশোয়া ছিলেন:
(a) প্রথম বাজিরাও (b) দ্বিতীয় বাজিরাও (c) নানা ফড়নবিশ (d) বালাজি বিশ্বনাথ
59. পাঞ্জাবকে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত করেন:
(a) ক্লাইভ (b) বেন্টিঙ্ক (c) ওয়েলেসলি (d) ডালহৌসি
60. রেগুলেটিং অ্যাক্ট পাস হয়েছিল:
(a) 1770 সালে (b) 1771 সালে (c) 1773 সালে (d) 1774 সালে
61. রেগুলেটিং অ্যাক্ট (1773) প্রণয়নকালে ইংল্যান্ডের প্রধানমন্ত্রী ছিলেন:
(a) চার্চিল (b) এটলি (c) লর্ড নর্থ (d) লরেন্স

এরপর সাতের পাতায়

# রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

81. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি সমবাহু ত্রিভুজের পরিসীমার সমান। বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $12\sqrt{2}$ সেন্টিমিটার হলে, ত্রিভুজের ক্ষেত্রফল:
(a) $24\sqrt{2}$ বর্গসেন্টিমিটার (b) $24\sqrt{3}$ বর্গসেন্টিমিটার (c) $44\sqrt{3}$ বর্গসেন্টিমিটার (d) $64\sqrt{3}$ বর্গসেন্টিমিটার
82. A ও B একত্রে একটি কাজ 30 দিনে এবং B ও C একত্রে 40 দিনে করতে পারে। যদি C একা ওই কাজটি 60 দিনে শেষ করে, তবে A একা কাজটি কতদিনে করবে?
(a) 40 দিনে (b) 60 দিনে (c) 30 দিনে (d) 20 দিনে
83. 1 লিটার জলের ওজন 1 কিলোগ্রাম এবং 1 লিটার অন্য তরলের ওজন 1.4 কিলোগ্রাম। দু'প্রকার তরল 3 : 2 অনুপাতে মিশ্রিত করলে, প্রতি লিটার মিশ্রণের ওজন:
(a) 1.30 কিলোগ্রাম (b) 1.25 কিলোগ্রাম (c) 1.20 কিলোগ্রাম (d) 1.16 কিলোগ্রাম
84. রবীন 25 টাকায় 20টি ডিম ক্রয় করে, 20 টাকায় 12টি ডিম বিক্রয় করে। মোট 50 টাকা লাভ করতে কতগুলি ডিম ক্রয়-বিক্রয় করতে হবে?
(a)120 (b) 60 (c) 80 (d) 90
85. A একটি দ্রব্য B-কে 5% লাভে এবং B ওই দ্রব্যটি C-কে 5% ক্ষতিতে বিক্রয় করে। C-র ক্রয়মূল্য 23.94 টাকা হলে, A দ্রব্যটি কত টাকায় কিনেছিল?
(a) 24 (b) 25 (c) 27 (d) 28
86. $1.1 + (1.1)^2 + (1.1)^3$-এর মান কত?
(a) 3.431 (b) 3.641 (c) 3.111 (d) 4.641
87. যদি $\sqrt{2} = 1.414$ হয়, তাহলে $\frac{\sqrt{2+1}}{\sqrt{2}}$-এর মান কত?
(a) 0.651 (b) 1.707 (c) 1.702 (d) 1.577
88. একজন লোক প্রত্যহ পূর্ণখাদ্য গ্রহণ করলে মজুত খাদ্য 6 দিন চলে। ওই ব্যক্তি প্রথম 4 দিন প্রত্যহ $\frac{1}{2}$ অংশ এবং অবশিষ্ট দিনগুলিতে $\frac{1}{3}$ অংশ খাদ্য গ্রহণ করলে, মজুত খাদ্য কতদিন চলবে?
(a)12 দিন (b) 16 দিন (c)18 দিন (d) 20 দিন
89. 4, 8, 6-এর চতুর্থ সমানুপাতি নির্ণয় করো:
(a) 7 (b) 9 (c) 6 (d)12
90. 25 টাকার 0.5 অংশকে 30 টাকার শতকরা অঙ্কে প্রকাশ করো:
(a) $41\frac{2}{3}$ % (b) 23% (c) $13\frac{5}{6}$ % (d) 17%
91. একটি বর্গাকার বাগানের পরিসীমা 240 মিটার। বাগানের ভেতরের চারদিকে 5 মিটার চওড়া পথ রয়েছে। পথটির ক্ষেত্রফল হল (বর্গমিটারে):
(a) 1100 (b) 1200 (c) 575 (d) 625
92. যদি 8*357 সংখ্যাটি দিয়ে 11 বিভাজ্য হয়, তবে লুপ্ত অঙ্কটি (*) হবে:
(a) 4 (b) 1 (c) 3 (d) 2
93. জলপূর্ণ একটি পাত্রের ওজন 13 কিলোগ্রাম। পাত্রটি অর্ধেক জলপূর্ণ থাকলে ওজন হয় 7 কিলোগ্রাম। খালি পাত্রটির ওজন (কিলোগ্রামে):
(a) 2.5 (b) 2 (c) 1 (d) 0.5
94. 36 জন শ্রমিক 55 দিনে যে কাজ করতে পারে, 66 জন শ্রমিক তার দ্বিগুণ কাজ করবে:
(a) 36 দিনে (b) 40 দিনে (c) 60 দিনে (d) 44 দিনে
95. একটি দণ্ডের $\frac{1}{2}$ অংশ নীল, $\frac{1}{4}$ অংশ কালো, $\frac{1}{6}$ অংশ সবুজ এবং অবশিষ্ট 50 সেন্টিমিটার হলুদ। দণ্ডটির দৈর্ঘ্য হল (সেন্টিমিটারে):
(a) 800 (b) 500 (c) 550 (d) 600
96. A থেকে একটি লোক সাইকেলে B-তে ঘণ্টায় 10 কিলোমিটার বেগে গেল। যদি ঘণ্টায় 12 কিলোমিটার বেগে যেত তার 2 ঘণ্টা কম সময় লাগত। A থেকেB-র দূরত্ব:
(a) 140 কিলোমিটার (b) 100 কিলোমিটার (c) 90 কিলোমিটার (d) 120 কিলোমিটার
97. 48 লিটার জলমিশ্রিত দুধে দুধ ও জলের অনুপাত 11 : 1, এই মিশ্রণে আর কত লিটার দুধ মেশালে দুধ ও জলের অনুপাত হবে 12 : 1?
(a) 7 লিটার (b) 6 লিটার (c) 4 লিটার (d) 5 লিটার
98. একটি বালক A থেকে B পর্যন্ত 24 কিলোমিটার একটি পথ ঘণ্টায় 4 কিলোমিটার বেগে গেল এবং ঘণ্টায় 6 কিলোমিটার বেগে ফিরে এল। যাতায়াতে গড় বেগ ঘণ্টায়:
(a) 4.8 কিলোমিটার (b) 6 কিলোমিটার (c) 4.6 কিলোমিটার (d) 5.5 কিলোমিটার
99. যে বৃহত্তম সংখ্যা দ্বারা n(n + 1) (n + 2) (n + 3) রাশিটি সর্বদা বিভাজ্য, যেখানে n একটি ধনাত্মক যুগ্ম অখণ্ড সংখ্যা সেটি হল:
(a) 24 (b) 12 (c) 15 (d) 48
100. একটি প্রশ্নপত্রে 50টি অবজেক্টিভ ধরনের প্রশ্ন আছে যেখানে প্রতিটি প্রশ্নের মান 2 নম্বর। কিন্তু প্রতিটি ভুল উত্তরের জন্য ঋণাত্মক নম্বর $\left(-\frac{1}{2}\right)$ দেওয়া হয়। একটি ছাত্র সবকটি প্রশ্নের উত্তর দিয়ে 50 নম্বর পেল। প্রশ্নের সঠিক উত্তরের সংখ্যা হল:
(a) 60 (b) 25 (c) 30 (d) 40

### উত্তর

81(d), 82(a), 83(d), 84(a), 85(a), 86(b), 87(b), 88(b), 89(d), 90(a), 91(a), 92(d), 93(c), 94(c), 95(d), 96(d), 97(c), 98(a), 99(a), 100(c).

### সমাধান

51(c): জুবিন মেহেতা : সারেঙ্গী নয় জুবিন মেহেতা : বেহালাবাদক।
52(b): এখানে প্রতিটি সংখ্যার সঙ্গে 4 সংখ্যাটি দিয়ে সেট হয়েছে। অতএব, 7 এর পর 4 সংখ্যাটি আসবে।

এরপর সাতের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি
### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

62. বাংলার প্রথম গভর্নর জেনারেল ছিলেন:
(a) ডালহৌসি (b) ওয়ারেন হেস্টিংস (c) বেন্টিঙ্ক (d) ক্লাইভ
63. কলকাতায় সুপ্রিম কোর্ট স্থাপিত হয়:
(a) 1772 সালে (b) 1773 সালে (c) 1774 সালে (d) 1775 সালে
64. কলকাতা সুপ্রিম কোর্টের প্রথম প্রধান বিচারপতি ছিলেন:
(a) ক্লেভারিং (b) মনসন (c) বারওয়েল (d) স্যার এলিজা ইম্পে
65. কোথায় বারিদশাহী বংশ প্রতিষ্ঠিত হয়?
(a) বেরার (b) বিদর (c) বিজাপুর (d) গোলকুণ্ডা
66. ভক্তিসাধক শ্রীচৈতন্যদেব কার কাছে কৃষ্ণমন্ত্রের দীক্ষা নেন?
(a) তোতাপুরি (b) রামপুরি (c) ঈশ্বরপুরি (d) রামানুজ
67. কোন মুঘল সম্রাট ব্রিটিশ দূত সারম্যানকে বাণিজ্যিক অধিকার প্রদান করেন?
(a) ঔরঙ্গজেব (b) জাহাঙ্গির (c) ফারুক শিয়ার (d) আকবর
68. মুঘল যুগে সরকারি ভাষা ছিল:
(a) হিন্দি (b) উর্দু (c) আরবি (d) ফার্সি
69. পেশোয়াতন্ত্রের প্রতিষ্ঠাতা ছিলেন কে?
(a) বালাজি বিশ্বনাথ (b) শিবাজি (c) দ্বিতীয় বাজিরাও (d) প্রথম বাজিরাও
70. লর্ড ওয়েলেসলি মারাঠা ও মহীশূর রাজ্য দু'টি অধিকার করেন কোন উপায়ে?
(a) অধীনতামূলক মিত্রতা নীতি দ্বারা (b) দেওয়ানী লাভের মাধ্যমে (c) যুদ্ধের দ্বারা জয়লাভের মাধ্যমে (d) কু শাসনের অভিযোগে দখল করেন
71. ভারতীয় শিল্পের ধ্বংসসাধন করে ব্রিটিশ ধনতন্ত্রের অগ্রগতি ঘটার জন্য কোন আইনটি দায়ী?
(a) চিরস্থায়ী বন্দোবস্ত (b) পনজম আইন (c) দাদন প্রথা (d) সংক্ষরণ নীতি
72. কোন ঐতিহাসিক মারাঠা নায়ক নানা ফড়নবিশকে 'মহান রাজনীতিবিদ' আখ্যা দেন?
(a) স্পিয়ার (b) গ্রান্টডাফ (c) সারদেশাই (d) লুয়ার্ড
73. নীচের বেঠিক জোড়াটি নির্দেশ করুন:
(a) নোয়ামিয়া-ফরাজি (b) সুইমুন্ডা-মুন্ডাবিদ্রোহ (c) ডোমনমাঝি-সাঁওতাল বিদ্রোহ (d) খাঁদুপাতর-কোল বিদ্রোহ
74. কোন গভর্নর জেনারেল চা শিল্পের বিকাশে বিশেষ উৎসাহী ছিলেন?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড কর্ণওয়ালিস (c) লর্ড হেস্টিংস (d) লর্ড বেন্টিঙ্ক
75. 1857 সালে মহাবিদ্রোহের অংশ গ্রহণের ক্ষেত্রে রানী লক্ষীবাঈ এর লক্ষ্য ছিল:
(a) স্বরাজ পুনরুদ্ধার (b) মুঘল শক্তির পুনরুদ্ধার (c) পেশোয়া পদের পুনঃ প্রতিষ্ঠা (d) স্বরাজ অর্জন
76. কোন দেশ আনুষ্ঠানিকভাবে যুদ্ধসংক্রান্ত অপরাধসংক্রান্ত UNHRC-এর প্রস্তাব থেকে নিজেকে প্রত্যাহার করার সিদ্ধান্ত ঘোষণা করেছে?
(a) ভারত (b) শ্রীলঙ্কা (c) পাকিস্তান (d) মায়ানমার
77. দক্ষিণ পূর্ব এশিয়ার অর্থনীতির ওপর কোভিড-19 অতিমারির প্রভাবের বিরুদ্ধে লড়াই করার উদ্দেশ্যে একটি উচ্চ পর্যায়ের সদস্য প্যানেল গঠন করেছেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের প্রেসিডেন্ট মাসাৎসুগু আসাকাওয়া। RBI-এর কোন প্রাক্তন গভর্নর এই প্যানেলের সদস্য?
(a) রঘুনাথ রাজন (b) উর্জিত প্যাটেল (c) ডি-সুব্বারাও (d) ওয়াই ভি রেড্ডি
78. নীচর কোন এয়ারবেসে রাফায়েল যুদ্ধ বিমানের প্রথম ব্যাচটি এসে পৌঁছয়?
(a) পাঞ্জাবের আদমপুর (b) উত্তরপ্রদেশের হিন্দন (c) হরিয়ানাহর সিরসা (d) হরিয়ানার আম্বালা
79. দি ন্যাশনাল এরোনটিক অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন (NASA)-র কোন রোবট মার্স-2020 রোভার মিশনের অধীনে মঙ্গল গ্রহের খনিজতত্ত্ব (Mineralogy) নিয়ে গবেষণা করবে?
(a) Space AL (b) Rob Cam (c) Super Cam (d) Bot X
80. কোন শহরে অনুষ্ঠিত হয় ভারতীয় নৌবাহিনীর উপকূল নিরাপত্তা মহড়া 'মাতলা অভিযান'?
(a) কোচি (b) কলকাতা (c) ঢাকা (d) চট্টগ্রাম
81. সাকেত (Sachet) হল ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর:
(a) উদ্ধারকারী নৌকা (b) জাহাজ (c) সামমেরিন (d) চপার
82. কোন দেশ সম্প্রতি 600 কিমি পাল্লার পরমাণু অস্ত্র বহনযোগ্য বায়ুবাহিত ক্রুজ মিসাইল 'Rada-II'-এর সফল পরীক্ষণ করেছে?
(a) ইরান (b) পাকিস্তান (c) ইরাক (d) বাংলাদেশ
83. HR-6819 কী?
(a) রাশিয়ায় নির্মিত ভারতের সামরিক হেলিকপ্টার (b) ইউরোপিয়ান সাউদার্ন অবজার্ভেটার আবিষ্কৃত পৃথিবীর নিকটতম ব্ল্যাক হোল (c) পৃথিবীর দিকে ছুটে আসা গ্রহাণু (d) কোভিড-19-এর প্রথম ভ্যাকসিন
84. এ বছরের World Migratory Bird Day (WMBD)-এর থিম কী ছিল?
(a) Protect Birds : Be the Solution of Plastic Pollution (b) Unifying our voices or Bird Conservation (c) Save the Bird : Save the World (d) Birds Connect Our World
85. বহু উদ্দেশ্যসাধক জীবাণুনাশক ইউনিট 'আল্ট্রা স্বচ্ছ' নির্মাণ করেছে কোন সংস্থা?
(a) CSIR (b) HAL (c) BARC (d) DRDO
86. STIP-2020 কোন ক্ষেত্রের সঙ্গে সম্পর্কিত?
(a) কৃষি (b) বিজ্ঞান ও প্রযুক্তি (c) স্থিতিশীল উন্নয়ন (d) ইলেকট্রনিক্স নির্মাণ
87. ত্রয়োদশ 'Conference of Parties (COP) of the 'Conservation of migratory species (CMS)-এর ম্যাসকট হিসেবে সরকারিভাবে কোন প্রাণীকে বেছে নেওয়া হয়েছে?
(a) গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড (b) হ্যাম্পব্যাক হোয়েল (c) আমুর ফ্যালকন (d) সামুদ্রিক কচ্ছপ
88. প্রজেক্ট অভেদ্য-র অধীনে কোন ব্যক্তি বিশ্বের সর্বপ্রথম একে-47 রাইফেলের গুলিনিরোধক বুলেট প্রুফ হেলমেট আবিষ্কার করেন?
(a) ঋষিকান্ত দাস (b) অনুপ মিশ্র (c) দলবীর মোহান্তি (d) মোহিত শর্মা


## রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল
### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

53(d): গতকালের আগের দিন সোমবার হলে আজ বুধবার।
অতএব, আগামীকাল বৃহস্পতিবার ও তার দ্বিতীয়দিন শনিবার হবে।
54(c): তারার প্রতিটি শীর্ষবিন্দুর গুণফল মাঝের সংখ্যা হয়েছে।
$2 \times 8 = 16, 2 \times 4 = 8, 4 \times 10 = 40, 10 \times 6 = 60$
অতএব, একইভাবে $6 \times 8 = 48$.
55(c): A CC O MM OD A TION
A, C, M বর্ণগুলি দু'বার করে ব্যবহার হয়েছে।
56(c):

| S | A | G | A | R |
|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| T | B | H | B | S |

এখানে পরের বর্ণটি কোড হিসেবে ব্যবহার হয়েছে।
57(c): তৃতীয় ঘরে R আছে।
অতএব, G-এর বিপরীতে R হবে।
58(b): $(22 \times 10) - (10 + 10) + 8 = 220 - 20 \div 8 = 200 \div 8 = 25$.
59(b):




সংসদের দু'টি কক্ষ একটি লোকসভা অন্যটি রাজ্যসভা নির্দেশ করছে।
60(d): COLLEGE শব্দটির Vowel গুলির কোড X হয়েছে CXLLXGX.
61(d): 12345 1 6789 1 098765432 1 0 1 2345
1 সংখ্যাটি বেশিবার এসেছে।
62(b): M AHARASHTR A প্রথম ও শেষ অক্ষরটি হবে MA.
63(d):

| N | E | P | A | L | B | A | N | G | A | B | E | N | G | A | L |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 1 | 2 | 3 | 4 | 5 | 7 | 4 | 1 | 6 | 4 | 7 | 2 | 1 | 6 | 4 | 5 |

64(c): HARE HARD HOLD HOME
∴ H অক্ষরটি প্রথমে বসালে নতুন শব্দ তৈরি হবে।
65(c): Dedication শব্দটি Dictionary অনুযায়ী শেষে আসবে।
67(c): $(10 + 10) - 1 = 19$ জন।
68(c): 5টি বর্গক্ষেত্র ও ত্রিভুজ 16টি।
69(b): TOT শব্দটির কোনও পার্শ্বীয় পরিবর্তন হবে না।
70(d): ইতালি।
71(c): পিতার বয়স $= \left(12 \times \frac{7}{2}\right) = 42$ বছর।
72(b): উৎপাদন বৃদ্ধির হার $= \left\{\frac{(1695 - 1500) \times 100}{1500}\right\} = 13\%$
73(b): $3\sqrt{5} + \sqrt{125} = 17.88, 3\sqrt{5} + 5\sqrt{5} = 17.88$
$8\sqrt{5} = 17.88, \sqrt{5} = 2.235$
$\therefore \sqrt{80} + 6\sqrt{5} = 4\sqrt{5} + 6\sqrt{5} = 10\sqrt{5} = 10 \times 2.235 = 22.35$.
74(b): ধরি, '?' = x
$240 \times \frac{25}{4 \times 100} + 85 \times \frac{4}{5} = 19 + (x)^2$
or, $15 + 68 - 19 = x^2 \quad \therefore x^2 = 64, x = 8$
75(a): সুদের হার $= \frac{7 \times 350 \times 8}{100} = 196$ টাকা।
76(d): বিক্রয়মূল্য $= \left\{240 \times \frac{(100+12)}{100}\right\}$ টাকা $= \frac{240 \times 112}{100} = 268.80$
77(b): বিক্রয়মূল্য $= \left\{1800 \times \frac{(100-10)}{100}\right\} = (18 \times 90) = 1{,}620$ টাকা।
78(a): $(5x)^2 + (4x)^2 = 144$ or, $9x^2 = 144, x^2 = 16, x = \sqrt{16} = 4$
সুতরাং সংখ্যাদু'টি হল $= 5 \times 4$ এবং $4 \times 4 = 20$ এবং 16।
79(c): $\frac{B}{C} = \frac{B}{A} \times \frac{A}{C} = \frac{5}{4} \times \frac{2}{3} = \frac{5}{6}$
$\therefore B : C = 5 : 6$.
80(c): ছিদ্র দিয়ে জল খালি হতে সময় লাগবে $= \left(\frac{60 \times 45}{60 - 45}\right)$ মিনিট
$= 180$ মিনিট $= 3$ ঘণ্টা।
81(d): বর্গক্ষেত্রের কর্ণ $\left(a\sqrt{2}\right) = 12\sqrt{2}, a = 12$
∴ পরিসীমা $= 4a = 4 \times 12 = 48$ সেন্টিমিটার।
∴ ত্রিভুজের প্রতিটি বাহু $= \frac{48}{3} = 16$ সেন্টিমিটার।
∴ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} \times 16^2 = \frac{\sqrt{3}}{4} \times 16 \times 16 = 64\sqrt{3}$ বর্গসেন্টিমিটার।
82(a): $A + B\ (30) = \frac{4}{120}$, $B + C(40) = \frac{3}{120}$, $C(60) = \frac{2}{120}$
[∵ 30, 40 এবং 60-এর ল.সা.গু. 120]
B একদিনে করে $= (3 - 2) = 1$ অংশ
A একদিনে করে $= (4 - 1) = 3$ অংশ
∴ A একা কাজটি করে $= \frac{120}{3} = 40$ দিনে।
83(d): প্রতি লিটার মিশ্রণের ওজন $= \frac{(3 \times 1) + (2 \times 1.4)}{(3 + 2)} = \frac{5.8}{5}$
$= 1.16$কিলোগ্রাম।
84(a): ধরি, রবীন 60টি ডিম কিনেছিল।
∴ ক্রয়মূল্য $= \left(\frac{60}{20} \times 25\right) = 75$ টাকা
বিক্রয়মূল্য $= \left(\frac{60}{12} \times 20\right) = 100$ টাকা
∴ লাভ হয় $= (100 - 75) = 25$ টাকা ∴ ডিমের সংখ্যা $= \left(60 \times \frac{50}{25}\right) = 120$টি।
85(a): C-র ক্রয়মূল্য A-র ক্রয়মূল্যের $= \left(100 - \frac{5 \times 5}{100}\right)\% = 99.75\%$
∴ A-র ক্রয়মূল্য $= \left(23.94 \times \frac{100}{99.75}\right) = 24$ টাকা।
অথবা
A-র ক্রয়মূল্য $= 23.94 \times \frac{100}{(100-5)} \times \frac{100}{(100+5)}$
$= 23.94 \times \frac{100}{95} \times \frac{100}{105} = 23.94 \times \frac{20}{19} \times \frac{20}{21} = 24$ টাকা।
86(b): $1.1 + (1.1)^2 + (1.1)^3 = 1.1 + 1.21 + 1.331 = 3.641$.
87(b): $\frac{\sqrt{2} + 1}{\sqrt{2}} = \frac{\sqrt{2}\left(\sqrt{2} + 1\right)}{\sqrt{2}.\sqrt{2}} = \frac{2 + \sqrt{2}}{2} = \frac{2 + 1.414}{2} = 1.707$.
88(b): প্রথম 4 দিনে $\left(4 \times \frac{1}{2}\right) = 2$ দিনের খাদ্য
অবশিষ্ট $(6 - 2) = 4$ দিনের খাবার $\left(4 \div \frac{1}{3}\right) = 12$ দিনে খায়
∴ মোট $(12 + 4) = 16$ দিন চলবে।
89(d): চতুর্থ সমানুপাতি $= \frac{8 \times 6}{4} = 12$।
90(a): 25 টাকার 0.5 অংশ $= 12.50$ টাকা
∴ 12.50 টাকা 30 টাকার শতকরা অংশ $= \left(\frac{12.50}{30} \times 100\right)\% = 41\frac{2}{3}\%$.
91(a): রাস্তার ক্ষেত্রফল = পরিসীমা × রাস্তা চওড়া = 4 × রাস্তা চওড়া।
∴ রাস্তার ক্ষেত্রফল $= 240 \times 5 - 4 \times 5^2 = (1{,}200 - 100) = 1{,}100$ বর্গমিটার।
92(d): $5 + * = 7 + 3 + 8, * = 13$
$\therefore * = (13 - 11) = 2$.
93(c): খালি পাত্রের ওজন $= (7 \times 2 - 13) = 1$ কিলোগ্রাম।
94(c): নির্ণেয় সময় $= \left(\frac{36 \times 55 \times 2}{66}\right) = 60$ দিনে।
95(d): হলুদ $= 1 - \left(\frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{6}\right) = \left(1 - \frac{11}{12}\right) = \frac{1}{12}$
∴ দণ্ডটির দৈর্ঘ্য $= \left(50 \times \frac{12}{1}\right) = 600$ সেন্টিমিটার।
96(d): দূরত্ব = x কিলোমিটার
$\therefore \frac{x}{10} - \frac{x}{12} = 2$
or, $2x = 120 \times 2, x = 120$ কিলোমিটার
অথবা
10 এবং 12 দ্বারা বিভাজ্য সংখ্যাই উত্তর হবে
∴ 10 ও 12 দ্বারা বিভাজ্য একমাত্র = 120 .
97(c): দুধ : জল
48 লিটার $11 : 1 \Rightarrow 44 : 4$
$\frac{\boxed{48}}{12 : 1}$
∴ দুধ মেশাতে হবে $= (48 - 44) = 4$ লিটার।
98(a): গড় গতিবেগ $= \frac{2 \times 24}{(6 + 4)} = 4.8$ কিলোমিটার/ঘণ্টা
99(a): যদি n = 1 হয়,
তবে নির্ণেয় সংখ্যা $= 1 \times (1 + 1) \times (1 + 2) \times (1 + 3) = (2 \times 3 \times 4) = 24$.
100(c): ∴ সঠিক প্রশ্নের সংখ্যা $= (50 - 20) = 30$টি।

*প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল ও চঞ্চল ঘোষ*

89. DRDO সম্প্রতি 200 কিলোমিটার পাল্লার যে ব্যালিস্টিক মিসাইলটি উৎক্ষেপণ করেছে সেটির নাম কী?
(a) প্রণাশ (b) প্রহার (c) অগ্নি (d) নির্ভয়
90. ভারত সরকার কোন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর নামে ইন্সটিটিউট ফর ডিফেন্স স্ট্যাডিজ অ্যান্ড অ্যানালিসিস (IDSA)-এর নতুন নামকরণ করেছে?
(a) সুষমা স্বরাজ (b) অরুণ জেটলি (c) অটলবিহারি বাজপেয়ী (d) মনোহর পারিক্কার

**উত্তর**

1(a), 2(a), 3(c), 4(a), 5(a), 6(d), 7(c), 8(d), 9(c), 10(c), 11(c), 12(c), 13(b), 14(c), 15(b), 16(d), 17(b), 18(b), 19(a), 20(c), 21(c), 22(b), 23(a), 24(b), 25(a), 26(a), 27(c), 28(c), 29(b), 30(c), 31(d), 32(d), 33(b), 34(d), 35(b), 36(a), 37(c), 38(d), 39(d), 40(b), 41(a), 42(c), 43(c), 44(d), 45(b), 46(b), 47(c), 48(a), 49(d), 50(c), 51(c), 52(d), 53(c), 54(c), 55(d), 56(b), 57(c), 58(b), 59(d), 60(c), 61(c), 62(b), 63(c), 64(d), 65(b), 66(c), 67(c), 68(d), 69(a), 70(c), 71(c), 72(b), 73(c), 74(d), 75(a), 76(b), 77(a), 78(d), 79(c), 80(b), 81(b), 82(b), 83(b), 84(d), 85(d), 86(b), 87(a), 88(b), 89(a), 90(a).

এরপর আগামী সংখ্যায়
*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

Member, INDIAN NEWSPAPER SOCIETY
RNI No. 37120/80




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in